দৈনিক ইত্তেফাক

তারিখ 24 JUN 1992
পৃষ্ঠা 7 কলাম 4

II

# জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় আইনের খসড়া অনুমোদন

বাসস ॥ মন্ত্রি সভার বৈঠকে দেশের ডিগ্রী কলেজসমূহের স্বীকৃতি ও অনুমোদনের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার আইনের খসড়া অনুমোদন করা হইয়াছে।

(১০ম পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## জাতীয় বিশ্ববিদ্যালয়

(১ম পৃঃ পর)

বর্তমানে ডিগ্রী কলেজগুলিকে ঢাকা, চট্টগ্রাম এবং রাজশাহী বিশ্ববিদ্যালয় অনুমোদন দিয়া থাকে। গত সোমবার বঙ্গভবনে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সভানেত্রীত্বে মন্ত্রী পরিষদের নিয়মিত সাপ্তাহিক বৈঠকে এই অনুমোদন দেওয়া হয়। জাতীয় বিশ্ববিদ্যালয় জাতীয় প্রয়োজনের সাথে সমন্বয় সাধন করিয়া কলেজসমূহের পাঠ্যক্রম উন্নত করার মাধ্যমে কলেজের শিক্ষামানের গুণগত উন্নয়ন, গবেষণা কাজ এবং শিক্ষা কার্যক্রম মনিটরও তদারক করিবে।

মন্ত্রী পরিষদের সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে, এখন হইতে সরকারী বিদেশ সফরকালে প্রধানমন্ত্রীর বিদায় ও আগমনের সময় কোন আনুষ্ঠানিক বিমানবন্দর অনুষ্ঠান হইবে না।

বৈঠকে আরও সিদ্ধান্ত হয় যে, সফররত বিশিষ্ট ব্যক্তিদের বিমান বন্দরের পরিবর্তে শহরের কোন উপযুক্তস্থানে অভ্যর্থনা ও বিদায় সম্বর্ধনা জানানো হইবে। বৈঠকে মন্ত্রী, প্রতিমন্ত্রী, সংস্থাপন সচিব, প্রধান মন্ত্রীর মুখ্য সচিব, এবং সংশ্লিষ্ট সচিবগণ উপস্থিত ছিলেন।